গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয়ের জানুয়ারি, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ১০-০৩-২০২১ খ্রি: |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮০৮, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক।

২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন এবং অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট সভায় ভার্চুয়াল সংযোগে অংশগ্রহণ করেন।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর সর্বসম্মতিক্রমে গত ৩১/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) কার্যপত্র সভায় উপস্থাপন করেন। দপ্তর এবং সংস্থাসমূহের প্রধান, প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি** | ১। সেমিনার আয়োজনঃ<br>**"বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ"**<br>**সভায় অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে,** "বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ" শিরোনামে ৩য় সেমিনারটি আগামী জুলাই/আগস্ট, ২০২১ এ আয়োজন করা হবে। উক্ত সেমিনার আয়োজনে গঠিত কমিটি কর্তৃক একটি চেকলিস্ট প্রস্তুত করে সে আলোকে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান জানান যে, বিআইডব্লিউটিএ'র জাহাজ পরিদর্শীতে ৫০-৬০ জন অতিথি নিয়ে | (১) **বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ"** শিরোনামে ৩য় সেমিনার আগামী জুলাই/আগ,স্ট ২০২১ নাগাদ ঢাকা থেকে চাঁদপুর পর্যন্ত নৌপথে আয়োজন করতে হবে।<br>(২) বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি সেমিনার আয়োজনের সার্বিক সহায়তা প্রদান করবে।<br>(৩) সেমিনার আয়োজনের বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী | অতিরিক্ত সচিব (সংস্থা-২) নৌপরিবহন মন্ত্রণালয়, বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সেমিনারটি আয়োজন করা সম্ভব হবে। উক্ত সেমিনার আয়োজনের বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে সেমিনারের সময় নির্ধারণ করা হবে মর্মে সভাকে জানানো হয়। | মহোদয়ের সাথে আলোচনা করে সেমিনারের সময় নির্ধারণ করা হবে। | |
| | | ২। ডকুমেন্টারি:<br>সভায় জানানো হয় যে, বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারী যাচাইপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য গত ২৫/০১/২০২১ তারিখে অতিরিক্ত সচিব (বন্দর) কে আহবায়ক করে ৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (বন্দর) জানান যে, ডকুমেন্টারি যাচাই-বাছাই কার্যক্রম চলমান আছে। শীঘ্রই চূড়ান্ত করা হবে। সভায় জানানো হয় যে, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে কয়েকটি গুচ্ছে বিভক্ত করা হয়েছে। সে অনুযায়ী নৌপরিবহন মন্ত্রণালয়ের অবস্থান পরিবহন গুচ্ছে। উক্ত গুচ্ছ হতে আয়োজিতব্য সেমিনারে নৌপরিবহন মন্ত্রণালয়ের তথ্যাদি ও ডকুমেন্টারি উপস্থাপন করতে হবে। এর অংশ হিসেবে বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত ডকুমেন্টারিটি উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। সভাপতি জানান যে, মার্চ ২০২১ এর শেষ সপ্তাহের মধ্যে ডকুমেন্টারিটি চূড়ান্ত করতে হবে। | ২। (ক) কমিটি কর্তৃক বিআইডব্লিউটিএ হতে প্রেরিত প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারি যাচাইপূর্বক মার্চ, ২০২১ এর শেষ সপ্তাহের মধ্যে চূড়ান্ত করতে হবে।<br><br>(খ) আগামী এপ্রিল, ২০২১ এ অনুষ্ঠিতব্য স্বাধীনতার সুর্বণ জয়ন্তী উদযাপন সংক্রান্ত সেমিনারে প্রদর্শনের লক্ষ্যে ডকুমেন্টারিটি চূড়ান্ত করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় এবং বিআইডব্লিউটিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩। <u>মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু:</u><br>সভায় জানানো হয় যে, নতুন ৪টি মেরিন একাডেমি (বরিশাল, রংপুর, পাবনা ও সিলেট) এর সাংগঠনিক কাঠামোতে রাজস্বখাতে অস্থায়ী ভাবে সৃজিত নতুন সাংগঠনিক কাঠামোতে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃষ্ট ৭১X৪= ২৮৪টি পদ সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণ করা হয়েছে। ৪টি মেরিন একাডেমি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। উক্ত চারটি মেরিন একাডেমির অনুকূলে ভর্তিকৃত ক্যাডেটদের স্বস্ব ক্যাম্পাসে স্থানান্তর করা হবে। নতুন ক্যাডেটদের ভর্তি কার্যক্রম চলমান আছে। শিক্ষা কার্যক্রম শুরুর লক্ষ্যে পাঠ্যক্রম প্রণয়ন, একাডেমিক কার্যক্রম, অবকাঠামো নির্মাণ কার্যক্রম সহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা হচ্ছে। এছাড়া ৪টি মেরিন একাডেমি চালুর লক্ষ্যে আপতকালীন নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থা হতে ৩৩জন জনবল সংযুক্তিতে নিয়োগ প্রদান করা বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানগণ ইতিবাচক সম্মতি প্রদান করেন। তাছাড়া নিয়োগবিধি অনুমোদন ও জনবল নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়েও সভায় আলোচনা করা হয়। | ৩। (ক) নতুন ৪টি মেরিন একাডেমি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের লক্ষ্যে অবকাঠামোগত কার্যক্রম, শিক্ষা কার্যক্রম চালু ও জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ) অন্তবর্তীকালীন মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর ও সংস্থা হতে ৩৩জন জনবল সংযুক্তিতে নিয়োগ প্রদান করতে হবে। | নৌশিক্ষা ও প্রশিক্ষন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| ২. | **মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি** | সভায় যুগ্মসচিব (পরিকল্পনা) জানান যে , মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন হালনাগাদ করা হয়েছে। উক্ত হালনাগাদের প্রতিবেদন সকল দপ্তর ও সংস্থায় পুনরায় প্রেরণ করে যথাযথ আছে কিনা সে বিষয়ে তথ্য সংগ্রহ করে প্রতিবেদন চূড়ান্ত করা হবে। সভায় আরো জানানো হয় | ২। (ক) দপ্তর ও সংস্থা হতে হালনাগাদ তথ্য সংগ্রহ করে সংক্ষিপ্তসারে ও পরিসংখ্যান ভিত্তিক হালনাগাদ প্রতিবেদন প্রস্তুত করতে হবে।<br>(খ) যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন সম্ভব নয় সেগুলোর বিষয়ে উপযুক্ত যৌক্তিকতাসহ প্রধানমন্ত্রীর | সকল দপ্তর ও সংস্থা যুগ্মসচিব (পরিকল্পনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোকে তিন ক্যাটাগরীতে ভাগ করা হয়েছে। এর মধ্যে দুইটি প্রতিশ্রুতি ও দুইটি নির্দেশনা বাস্তবায়নযোগ্য নয় প্রতীয়মান হওয়ায় এগুলো বাদ দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি জানান যে, উপযুক্ত যৌক্তিকতাসহ অবাস্তবায়নযোগ্য নির্দেশনা প্রতিশ্রুতির বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে। | কার্যালয়কে অবহিত করতে হবে।<br>(গ) দপ্তর ও সংস্থার প্রধানগণ কর্তৃক সরাসরি বিষয়টি মনিটরিং করতে হবে। | |
| ৩. | **মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন** | সভায় জানানো হয় যে, মন্ত্রিসভা বৈঠকে গৃহীত নৌপরিবহন মন্ত্রণালয়ের সাথে সম্পর্কিত ৯টি সিদ্ধান্ত আছে। উক্ত সিদ্ধান্তের মধ্যে অধিকাংশই মন্ত্রণালয়ের আইন সংক্রান্ত। যেগুলোর বিষয়ে কার্যক্রম চলমান আছে। মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে গত ২৬/০১/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল অধিশাখা/শাখাকে নির্দেশনা প্রদান করা হবে। সভাপতি জানান যে, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) সকল শাখা/সকল দপ্তর ও সংস্থা |
| ৪. | **জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন** | সভায় জানানো হয় যে, জেলা প্রশাসক সম্মেলন ২০১৯ এ নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত মোট ৯টি সিদ্ধান্তের মধ্যে ৪টি বাস্তবায়িত হয়েছে। ২টি সিদ্ধান্ত অন্য মন্ত্রণালয়/বিভাগের সাথে শর্তেসাপেক্ষে সম্পৃক্ত বিধায় উক্ত মন্ত্রণালয়/বিভাগকে কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন নিয়মিত সংসদ ও সমন্বয় শাখা থেকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। সভাপতি জানান যে, যেসকল | ৪। (ক) জেলা প্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক সুনির্দ্দিষ্ট ও হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) যে সকল সিদ্ধান্ত বাস্তবায়নযোগ্য নয় সেগুলোর বিষয়ে উপযুক্ত কারণ/যৌক্তিকতা উল্লেখপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। | বিআইডব্লিউটিএ/ বিআইডব্লিউটিসি/ বাস্তবক/নৌপরিবহন অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত অন্য মন্ত্রণালয়ের সাথে আংশিক সম্পর্কযুক্ত সেগুলোর ক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অংশের বিষয়ে কার্যক্রম গ্রহণ করে প্রতিবেদন উল্লেখ করতে হবে। তাছাড়া বাস্থবকের সাথে সম্পৃক্ত একটি সিদ্ধান্ত বাস্তবায়নযোগ্য নয় বিধায় যৌক্তিকতাসহ বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগতে অবহিত করতে হবে। | | |
| ৫. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি** | সভায় এপিএ টিম লিডার অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে, মন্ত্রণালয়ের বর্তমান বছরের এপিএ বাস্তবায়ন অগ্রগতি কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এপিএ অগ্রগতি বিষয়ে সভা করা হচ্ছে। দপ্তর ও সংস্থায় এপিএ টিমের সাথে সমন্বয় করা হচ্ছে। প্রমানকসমূহ যথাযথভাবে সংগ্রহপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। এপিএ বাস্তবায়ন বিষয়ে প্রতিটি দপ্তর ও সংস্থার প্রধানগণকে ডিও পত্র প্রেরণ করা হয়েছে। দপ্তর ও সংস্থার এপিএ টিম কর্তৃক সময়াবদ্ধ বাস্তবায়ন অগ্রগতি যথাযথভাবে নিশ্চিত করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। সভাপতি এপিএ বাস্তবায়নে কোন সমস্যা আছে কিনা জানতে চান। চেয়ারম্যান, মোবক জানান যে, মোংলা বন্দরে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপনের বিষয়ে জায়গা নিয়ে জটিলতা সৃষ্টি হয়েছে। এ বিষয় একটি মামলাও হয়েছে। বিআইডব্লিউটিসির পরিচালক জনাব মোহাম্মদ রাশেদুল ইসলাম জানান যে, উপকূলীয় জলযান, ফেরি ও ওয়েল ট্যাংকার নির্মাণ বিষয়ে টিসির ৫টি কৌশলগত উদ্দেশ্য আছে যেগুলোর লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন সম্ভব হবে। চেয়ারম্যান বাস্থবক জানান যে, বাস্থবকে এপিএ'র লক্ষমাত্রা অর্জন | ৫। (ক) APA এর সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে।<br>(খ) প্রতিমাসের ১ম সপ্তাহে সভা করে মাসের করনীয় নির্ধারণ করে কর্মসম্পাদন করতে হবে।<br>(গ) APA এর অর্জন সুর্নির্দ্দিষ্ট প্রমানকসহ প্রেরণ করতে হবে।<br>(ঘ) যে সকল লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিবন্ধকতা রয়েছে দপ্তর ও সংস্থা প্রধানগণ সেগুলো সরাসরি তত্ত্বাবধানের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/ সকল দপ্তর/সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যথাসময়ে সম্ভব হবে। সভাপতি পাবকের ভূমি অধিগ্রহণের সাথে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের অগ্রগতি জানতে চাইলে চেয়ারম্যান পাবক জানান যে, বর্তমানে ১২৪টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। তবে নির্ধারিত সময়ের মধ্যে ৫০০ পরিবারকে পুনর্বাসন করা সম্ভব হবে এবং লক্ষ্যমাত্রা অর্জিত হবে। সভায় যুগ্মসচিব (পরিকল্পনা) জানান যে, মন্ত্রণালয় ও দপ্তর সংস্থা এপিএ টিমসহ সংশ্লিষ্ট সকলে এপিএ বাস্তবায়নে সচেষ্ট রয়েছে। এপিএ'র লক্ষমাত্রা বাস্তবায়ন নিশ্চিত করা যাবে। এপিএ বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্য সৃষ্টি হলে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে সমস্যা নিরসন করতে হবে। কোন অবস্থাতে এপিএ টার্গেট অবাস্তবায়িত/পেন্ডিং রাখা যাবে না মর্মে সভায় আলোচনা হয়। | | |
| ৬. | **মন্ত্রণালয়ের ই-ফাইলিং, ইনোভেশন ও ওয়েবসাইট হালনাগাদকরণ** | সভায় সিস্টেম অ্যানালিস্ট নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের জানুয়ারি, ২০২১ মাসের ই-ফাইলিং কার্যক্রমের প্রতিবেদন তুলে ধরেন। প্রতিবেদনে দেখা যায় যে, মন্ত্রণালয়ের কয়েকটি শাখা এবং কয়েকটি দপ্তর ও সংস্থা এখনো ই-ফাইলিং কার্যক্রমে পিছিয়ে আছে। সিস্টেম আপডেটের কারণে ই-ফাইলিং কার্যক্রমের সাময়িক অসুবিধা হলেও বর্তমানে তা অনেকটাই দূর হয়েছে। সকল দপ্তর/সংস্থা ও শাখা অধিশাখা পুনরায় ই-ফাইলিং কার্যক্রম নিশ্চিত করতে হবে। বিআইডব্লিউটিসির ই-ফাইলিং কার্যক্রম সংক্রান্ত জটিলতা a2i হতে সমাধান করা হয়েছে। সভাপতি জানান যে, মন্ত্রণালয়ের উপস্থাপিত প্রতিবেদনে নথি নিষ্পত্তির সংখ্যা অনেক হলেও পত্রজারির সংখ্যা অত্যন্ত কম। এতে ই-ফাইলিং কার্যক্রম বেশি হলেও স্কোর কম হচ্ছে। সকল | ৬। (ক) প্রতিটি দপ্তর, সংস্থা, মন্ত্রণালয়ের সকল অধিশাখা ও শাখা কর্তৃক ই-ফাইলিং কার্যক্রম আরো জোরদার করতে হবে এবং ধারাবাহিকতা বজায় রাখতে হবে।<br>(খ) অনুমোদিত নথির পত্র ই-নথিতেই জারি নিশ্চিত করতে হবে।<br><br>(গ) ই-ফাইলিং সংক্রান্ত বিআইডব্লিউটিসিসহ যে সকল দপ্তর ও সংস্থার সিস্টেমগত সমস্য আছে মন্ত্রণালয়ের সিস্টেম অ্যানাল্টি a2i এর সাথে সমন্বয় করে বিষয়টি সমাধান করবে। | সকল দপ্তর/সংস্থা/ মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা/আইসিটি শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অধিশাখা ও শাখা হতে ই-নথিতে পত্র জারির বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি আরো জানান যে, দপ্তর ও সংস্থার ই-ফাইলিং কার্যক্রম সংক্রান্ত যে কোন জটিলতা মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্টের মাধ্যমে a2i এর সাথে সমন্বয় করে নিষ্পত্তি করতে হবে। সভাপতি সিস্টেম এ্যানালিস্টকে সমস্যাটি সমাধানের বিষয়ে a2i এর সাথে সমন্বয় করার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। | | |
| ৭. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | এ বিষয়ে সংস্থা হতে প্রেরিত অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থাসমূহের ৩৬০টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৬৭০টি অগ্রিম আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১১৬৫টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। যার সাথে ৫৪৭৯.৭০ কোটি টাকা জড়িত আছে। অডিট আপত্তিগুলো নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। সভাপতি জানান যে, সকল দপ্তর ও সংস্থার অডিট আপত্তিগুলোর শ্রেণী বিন্যাস করে যেগুলো নিষ্পন্নযোগ্য সেগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে। দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভা করে সর্বোচ্চ সংখ্যক অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে, নিয়মিত দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভার আয়োজন করা হচ্ছে। সম্প্রতি চবক ও বিএসসির অডিট আপত্তির বিষযে ত্রিপক্ষীয় সভা করা হয়েছে। অন্যান্য দপ্তর, সংস্থার সাথে ত্রিপক্ষীয় সভার জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যহত আছে। | ৭। (ক) দপ্তর ও সংস্থার অডিট আপত্তিগুলোর শ্রেণী বিন্যাস করে যেগুলো নিষ্পন্নযোগ্য সেগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার সাথে দ্বিপাক্ষিক/ ত্রিপাক্ষিক সভা করে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | অডিট শাখা, সকল দপ্তর/সংস্থা |
| ৮. | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | সভায় জানানো হয় যে, মামলার নোটিশ প্রাপ্তির পরই ওকালতনামা, আইনজীবী নিয়োগ, অনুচ্ছেদওয়ারি | **৮। (ক) মামলার আর্জি পাওয়ার পর যথাসময়ে উপযুক্ত জবাব নির্ধারিত** | সকল দপ্তর, সংস্থা ও মন্ত্রণালয়ের আইন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বক্তব্য তৈরি করে যথাসময়ে সংশ্লিষ্ট আইনজীবীর মাধ্যমে নির্ধারিত আদালতে উপস্থাপন করাসহ অন্যান্য কার্যক্রম গুরুত্বের সাথে বাস্তবায়ন করতে হবে। সংস্থা প্রধানগণ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান ও দ্রুত মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষ উদ্যোগ নিতে হবে। দপ্তর/সংস্থাসমূহের মোট মামলার সংখ্যা ৪১৩ টি যার মধ্যে ৩৬০ টির জবাব দাখিল করা হয়েছে, ৪৩টির জবাব দাখিল করা হয়নি, সরকারের পক্ষে ৫টি মামলা নিষ্পত্তি হয়েছে। | **আদালতে আইনজীবীর মাধ্যমে উপস্থাপন নিশ্চিত করতে হবে। (খ) সংস্থাভিত্তিক মামলার অগ্রগতি নিয়ে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।** | |
| ৯. | তথ্য অধিকার আইন (আরটিআই) | সভাপতি জানান যে, তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির বিষয়টি যথাযথ ভাবে নিশ্চিত করতে হবে। প্রতিমাসে তথ্য প্রাপ্তির বিষয়ে কতটি আবেদন পাওয়া যায় এবং কতজনকে তথ্য প্রদান করা হয় সে তথ্য উল্লেখ করতে হবে। তথ্য প্রদানে কোন জটিলতা থাকলে সে বিষয়টিও আলোচনা করে নিষ্পত্তি করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। গত ২৮-০২-২০২১ তারিখে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে "প্রদানযোগ্য তথ্য এবং তথ্য অধিকারের গুরুত্ব" শীর্ষক একটি প্রশিক্ষনের আয়োজন করা হয়েছে। | ১০। (ক) তথ্য অধিকার আইন (আরটিআই) এর আওতায় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে। (খ) মন্ত্রণালয়ের প্রতিমাসে তথ্য প্রাপ্তির আবেদন ও তথ্য প্রদানের সংখ্যা উল্লেখ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট শাখা |
| ১০. | **বিবিধঃ (ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | সভায় জানানো হয় যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের মডেল কক্ষ তৈরির কাজ সম্পন্ন হয়েছে। মডেল কক্ষ প্রস্তুতকালে মাননীয় প্রতিমন্ত্রী, সভাপতিসহ কর্মকর্তাগণ কাজ প্রত্যক্ষ ও পরিদর্শন করে মতামত দিয়েছেন। সে অনুযায়ী আসন ব্যবস্থার প্রয়োজনীয় পরিমার্জন, পরিবর্তন, পরিবর্ধন ও সংস্কার করা হয়েছে। মডেল কক্ষের আলোকে পূর্ণাঙ্গ কাজের লক্ষ্যে "Remodeling and | ১০। (ক) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক "Remodeling and Interior Decoretion of MoS Rooms" শীর্ষক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। মন্ত্রণালয় হতে বিষয়টি যথাযথ তদারকি করতে হবে। (খ) মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনের কাজটি চবক বাস্তবায়ন করবে। | নৌপরিবহন মন্ত্রণালয়/চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | Interior Decoretion of MoS Rooms” নামক কাজের টেন্ডার আহবান করে United Corporation নামক সংস্থাকে কার্যাদেশ দেয়া হয়েছে। সে আলোকে কক্ষের কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে জানান হয়।<br>চেয়ারম্যান চবক কর্তৃক মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেমটি ভার্চুয়াল সভার উপযুক্ত করে স্থাপন করা হবে মর্মে চেয়ারম্যান চবক সভাকে অবহিত করেন। | | |
| | **(খ) ক্যাডার সার্ভিসের নামপদবি ব্যবহার সংক্রান্ত** | সভায় জানানো হয়, যে সকল দপ্তর ও সংস্থায় সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব, সহকারী সচিবসহ অন্যান্য পদবীতে ক্যাডার সার্ভিসের পদবী রয়েছে সেগুলো পরিবর্তন করার বিষয়ে দপ্তর ও সংস্থার নিকট হতে তথ্যাদি চাওয়া হয়েছে। এর প্রেক্ষিতে নৌপরিবহন অধিদপ্তর, মেরিন একাডেমি, বিএসসি ও এনএমআই হতে তথ্য পাওয়া গেছে। অন্যান্য দপ্তর/সংস্থা হতে তথ্যাদি পাওয়ার পর এগুলো সমন্বিত করে প্রশাসন শাখা হতে নথিতে পেশ করা হবে মর্মে সভায় জানানো হয়। | ১০। (খ) দপ্তর ও সংস্থায় ক্যাডার সার্ভিসের ন্যয় বিদ্যমান পদনাম পরিবর্তনের বিষয়ে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের প্রশাসন শাখা। |

৪। দপ্তর ও সংস্থাসমূহ মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ১/২ তারিখের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে।

৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
তারিখ-১১-০৩-২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯ (অংশ-১)- ৮৬

তারিখ ২৯ ফাল্গুন ১৪২৭ ব:
১৪ মার্চ ২০২১ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/মোবক /বাস্তবক/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
১১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা,নৌপরিবহন মন্ত্রণালয়।
১৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৫। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৪.০৩.২১

মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব
সংসদ ও সমন্বয়